# সফটওয়্যারের কারুকাজ

## টাস্কবারে কমপিউটার আইকন যুক্ত করা

ধরুন, ডেস্কটপে আপনার ফোল্ডারে দ্রুততম সময়ের মধ্যে অ্যাক্সেস পেতে চাচ্ছেন, যার সহজ অর্থ হচ্ছে সম্ভব হলে টাস্কবারে কিছু রাখা। আপনার ড্রাইভে খুব সহজে অ্যাক্সেস করার জন্য টাস্কবারে ইচ্ছে করলে যুক্ত করতে পারেন একটি ফোল্ডার হিসেবে কমপিউটার মেনু। এই টিপকে ব্যবহার করতে পারেন যেকোনো ফোল্ডারের জন্য।

টাস্কবারে যেকোনো ফোল্ডার যুক্ত করার জন্য টাস্কবারে ডান ক্লিক করুন এবং বেছে নিন Tolbars menu। এরপর New Toolbar-এ ক্লিক করুন। এবার আপনার কাঙ্ক্ষিত ফোল্ডারটি খুঁজে নিন। ধরুন, আপনি সিলেক্ট করেছেন Computer আইকন। এরপর Select Folder-এ ক্লিক করুন।

এরপর টাস্কবারে আপনি Computer ফোল্ডারটি দেখতে পাবেন। এবার যদি ছোট অ্যারোতে ক্লিক করেন, তাহলে এটি পপআপ করবে এবং সব ড্রাইভ জুড়ে ব্রাউজ করার সুযোগ পাবেন। আপনি ইচ্ছে করলে সবসময় টুলবারে ডেস্কটপ যুক্ত করতে পারবেন।

## ড্রাইভের জন্য ডান ক্লিক মেনুতে ডিস্ক ক্লিনআপ যুক্ত করা

সাধারণত আমরা যখন ডিস্ক ক্লিনআপ টুলে অ্যাক্সেস করতে চাই, তখন হয়তো সম্পূর্ণ স্টার্ট মেনু জুড়ে খোঁজ করি, কিংবা ওপেন করি ড্রাইভ প্রোপার্টিজ উইন্ডোজ। সব কিছুতে না গিয়ে আমরা ড্রাইভে ডান ক্লিক মেনুতে মেনু আইটেম যুক্ত করার জন্য ব্যবহার করতে পারি সিম্পল রেজিস্ট্রি হ্যাক।

### হ্যাক ব্যবহার করে

ইনস্টলেশনের পর ড্রাইভে ডান ক্লিক করে মেনু থেকে বেছে নিন Disk Cleanup। যদি আপনি উইন্ডোজ ৭ বা ভিস্তা ব্যবহার করেন, তাহলে জিজ্ঞেস করা হবে আপনি কিছু ফাইল নাকি সব ফাইল ক্লিনআপ করতে চান। এরপর ডিস্ক ক্লিনআপ শুরু হবে।

### ম্যানুয়াল রেজিস্ট্রি হ্যাক

স্টার্ট মেনুর সার্চ বা রান বক্সের মাধ্যমে চালু করুন রেজিএডিট এবং নিচে বর্ণিত রেজিস্ট্রি কী-তে ব্রাউজ করুন :

HKEY_CLASSES_ROOT\Drive\shell

এবার একটি নতুন কী-ওয়ার্ড তৈরি করুন, যাকে diskcleanup বলা হয় এবং ডিফল্ট ভ্যালুকে Disk Cleanup-এ সেট করুন। এরপর আরেকটি কী তৈরি করুন, যাকে বলা হয় command এবং ভ্যালুকে নিম্নলিখিতভাবে সেট করুন :

cleanmgr.exe /d %1

এ পরিবর্তনকে তাৎক্ষণিকভাবে সম্পন্ন করে ড্রাইভে ডান ক্লিক করুন এবং আপনি নতুন মেনু দেখতে পাবেন।

### ডাউনলোডেবল রেজিস্ট্রি হ্যাক করা

ডাউনলোড করে এক্সট্রাক্ট করে নিন। এবার DiskCleanupDriveMenu.reg-এ ডাবল ক্লিক করুন রেজিস্ট্রির তথ্য পাওয়ার জন্য। আপনি ব্যবহার করতে পারেন RemoveDiskCleanupDriveMenu.reg সংগঠিত পরিবর্তনকে রিভার্স করার জন্য।

**জুয়েল আহমেদ**
*দক্ষিণ মুগদা, ঢাকা*

## পিডিএফ ফাইল সাইজ ছোট করা

বর্তমানে আমাদের বিভিন্ন ধরনের ডকুমেন্টকে স্ক্যান করার প্রয়োজন পড়ে। কিন্তু অতিরিক্ত রেজ্যুলেশনের কারণে ফাইল সাইজ অনেক বড় হয়ে যায়। ফলে ই-মেইলে সংযুক্ত করে এই ফাইলকে পাঠাতে গেলে অ্যাটাচমেন্ট হতে অনেক সময় লেগে যায়। এ ধরনের পিডিএফ ফাইলকে এডোবি অ্যাক্রোবেট প্রফেশনাল ৬.০ দিয়ে সহজে ছোট করা যায়। যেমন : ০১. ফাইল→ওপেন→স্ক্যান করা পিডিএফ ফাইলটি সিলেক্ট করে ওপেন বাটনে ক্লিক করুন। ০২. এবার ফাইল→রিডিউজ ফাইল সাইজে ক্লিক করুন। ০৩. অ্যাক্রোবেট ভার্সন কম্প্যাবিলিটি হতে 'অ্যাক্রোবেট ৪.০ এবং পরবর্তী' সিলেক্ট করে ওকে বাটনে ক্লিক করুন। ০৪. ফাইলটি সেভ করার লোকেশন ঠিক করে ওকে বাটনে ক্লিক করুন। এবার ফাইলের সাইজ পরীক্ষা করে দেখুন।

### ছবি থেকে পিডিএফ কনভার্ট করা

একটি ছবি/ইমেজকে পিডিএফ বা একাধিক ছবিকে পিডিএফ ফাইলে কনভার্ট করার জন্য ফাইল→ক্রিয়েট পিডিএফ→ফ্রম মাল্টিবল ফাইল সিলেক্ট করুন। অ্যাড ফাইলস হতে ব্রাউজ করে ছবি/ইমেজগুলো সিলেক্ট করে ওকে বাটনে ক্লিক করুন। একই পদ্ধতি অনুসরণ করে একাধিক পিডিএফকে মার্জ করতে পারবেন।

### বড় সাইজের ছবির সাইজ কমানো

বর্তমানে ডিজিটাল বা উন্নতমানের ক্যামেরা দিয়ে ছবি তুললে, হাই রেজ্যুলেশনে ছবি স্ক্যান করলে ছবির সাইজ অনেক বড় হয়ে যায়। ছবির সাইজ ৫ থেকে ১০ মেগাবাইট পর্যন্তও হয়ে থাকে। ফলে এই ছবি ফেসবুকে, ই-মেইলে আপলোড করতে অনেক সময় ও ব্যান্ডউইডথের প্রয়োজন হয়। এ ধরনের ছবির মান ঠিক রেখে অ্যাডোবি ফটোশপ ব্যবহার করে অনেক ছোট করা যায়। পদ্ধতিটি দেখার জন্য ফটোশপ চালু করে ছবিটি ফটোশপে খুলুন। এবার ফাইল 'সেভ ফর ওয়েব অ্যান্ড ডিভাইসে' সিলেক্ট করুন। ডান পাশ থেকে ইমেজ সাইজে ক্লিক করুন। নিউ সাইজে উইডথ ৯০০ টাইপ করুন (লক্ষ রাখুন, কনস্ট্রেইন প্রোপরশন যেনো চেকড থাকে)। ইমেজ টাইপ হিসেবে JPG সিলেক্ট করে সেভে ক্লিক করে ফাইলটি সেভ করুন। এবার পরীক্ষা করে দেখুন ফাইলের সাইজ অনেক কমে গেছে।

**নুসা ও জুনু**
*লেকসিটি, খিলক্ষেত*

## অফিস ২০১০-এ গুরুত্বপূর্ণ ডকুমেন্টকে সিকিইউর করা

কখনও কখনও আপনাকে গুরুত্বপূর্ণ ডকুমেন্ট সিকিউর করতে হয়, যাতে সুনির্দিষ্ট কিছু ব্যক্তি ওই ডকুমেন্ট পড়তে ও এডিট করতে পারেন। নিচে অফিস ২০১০-এ যেভাবে ডকুমেন্টের এডিটিংকে রেস্ট্রিক্টেড ও এনক্রিপ্ট করা যায়, তা তুলে ধরা হয়েছে।

ওয়েব অ্যাপের মাধ্যমে মাইক্রোসফট অফিস ডকুমেন্ট অনলাইনে শেয়ার করার সক্ষমতায় আপনার নিশ্চয় ডকুমেন্টে বাড়তি নিরাপত্তা ব্যবস্থা গড়ে তোলা দরকার। এমনকি আপনার কোম্পানির নেটওয়ার্কের মাধ্যমে ডকুমেন্ট শেয়ার করলেও ভালো হবে বাড়তি নিরাপত্তামূলক ব্যবস্থা নেয়া, যা শুধু শীর্ষস্থানীয় কর্মকর্তাদের দরকার হয়।

### এডিটিং অ্যাক্সেস নিয়ন্ত্রণ করা

যদি আপনার ডকুমেন্টটি হয় নির্দিষ্ট ফরম্যাটের এবং আপনি চাচ্ছেন না যে কেউ এটি এডিট করুক। আপনি পরিবর্তনগুলো নিয়ন্ত্রণ করতে পারবেন। এজন্য ডকুমেন্টকে ওপেন করে ফাইল ট্যাবে ক্লিক করুন Backstage View-তে অ্যাক্সেস করার জন্য। এবার Info, Protect Document-এ ক্লিক করে Restrict Editing সিলেক্ট করুন।

এর ফলে Restrict Formatting এবং Editing মেনু আবর্ভূত হবে ডকুমেন্টের ডান দিকে এবং এখানে ফরম্যাটিং এবং সিলেকশনকে সীমিত করতে পারবেন।

এবার Settings লিঙ্কে ক্লিক করুন। এবার কারা কারা এডিট করতে পারবেন তা সিলেক্ট করুন। এডিটিং রেস্ট্রিকশন সিলেক্ট করার পর Yes, Start Enforcing Protection-এ ক্লিক করুন। এবার একটি অপশনাল পাসওয়ার্ড এন্টার করুন এডিট করার জন্য।

**হায়দার আলী**
*আম্বরখানা, সিলেট*

## কারুকাজ বিভাগে লিখুন

*কারুকাজ বিভাগের জন্য প্রোগ্রাম ও সফটওয়্যার টিপস বা টুকিটাকি লিখে পাঠান। লেখা এক কলামের মধ্যে হলে ভালো হয়। সফট কপিসহ প্রোগ্রামের সোর্স কোডের হার্ড কপি প্রতি মাসের ২০ তারিখের মধ্যে পাঠাতে হবে।*

*সেরা ৩টি প্রোগ্রাম/টিপসের লেখককে যথাক্রমে ১,০০০, ৮৫০ ও ৭০০ টাকা পুরস্কার দেয়া হয়। সেরা ৩ টিপ্স ছাড়াও মানসম্মত প্রোগ্রাম/টিপস ছাপা হলে তার জন্য প্রচলিত হারে সম্মানী দেয়া হয়। প্রোগ্রাম/টিপসের লেখকদের নাম কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকেও জানা যাবে। পুরস্কার কমপিউটার জগৎ-এর বিসিএস কমপিউটার সিটি অফিস থেকে সংগ্রহ করতে হবে। সংগ্রহের সময় অবশ্যই পরিচয়পত্র দেখাতে হবে এবং পুরস্কার চলতি মাসের ৩০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে।*

*এ সংখ্যায় প্রোগ্রাম/টিপসের জন্য প্রথম, দ্বিতীয় এবং তৃতীয় হয়েছেন যথাক্রমে– **জুয়েল আহমেদ, নুসা ও জুনু এবং হায়দার আলী।***